''প্রতিদিন অন্তঃত একবার
কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব
সাইট _www.bteb.gov. bd)
ভিজিট করুন এবং আপনার
প্রতিষ্ঠানের ইমেল ওপেন করুন''

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

**স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.১৯.০০১.১৮-৩৯** **তারিখঃ ০৮ -০৮-২০১৮খ্রিঃ**

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগার শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ট্রেক্টাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষা বর্ষপঞ্জি ২০১৮-২০১৯ এর আলোকে টেক্সটাইল, জুট ও গার্মেন্টস শিক্ষাক্রমের ২য় পর্বের পরিপূরক পরীক্ষা ২০১৮ আগামী ১৬/০৯/২০১৮ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে স্ব-স্ব প্রতিষ্ঠানে/কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য অকৃতকার্য পরীক্ষার্থীদের বিষয় ভিত্তিক পরিক্ষার্থীর সংখ্যা ৩০/০৮/২০১৮ খ্রিঃ মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) বরাবর জমা দিতে হবে। উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠান ভিত্তিক (Printout Copy) বোর্ডের Website -এ পাওয়া যাবে। পরীক্ষায় **এক বা দুই বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক** অংশে **অকৃতকার্য বিষয়ের কোড নম্বর পূরণ করতঃ** ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফি জমা দানপূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম পূরণের তারিখ , সময় এবং পরীক্ষা সংক্রামত্ম অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ২.৪ নং ''ছকে'' দেওয়া আছে যা বোর্ডের Website এর মাধ্যেমেও জানা যাবে।

১। **পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হারঃ**

| ক্রঃ নং | পর্বের নাম | পরীক্ষার ফি এর পরিমান | নম্বর পত্র ফি | ইন্সটিটিউটের অংশ | | বোর্ডের অংশ |
|---|---|---|---|---|---|---|
| | | | | ফি | নম্বর পত্র | |
| ক. | ২য় পর্ব পরিপূরক পরীক্ষার ফি | ৪৫০/- | ৫০/- | ২২৫/- | ৫০/- | ২২৫/- |

**২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও ফি সমুহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ**

২.১ সরকারি ও বেসরকারি ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষা প্রতিষ্ঠান এর সংষ্টি পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ডের অংশ সমূহের সমুদয় অর্থ সমুদয় অর্থ সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট কততে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠ তলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে।

২.২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফিবাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয় ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রতিনিধি হিসেবে স্বাক্ষর সত্যায়িত (ফরওয়াডিং) পত্র ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

২.৩ **২য় পর্ব ২(দুই) বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের অন-লাইনের মাধ্যমে ফরম ফিলাপ করতে পারবে।** ওয়েব সাইটে দেয়া তালিকা হতে **ফরম ফিলাপকৃত ছাত্র/ছাত্রীদের হার্ড** কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পরীক্ষার্থীর স্বাক্ষরসহ কৃষি/টেক্স শাখায় জমা দিতে হবে।

২.৪ নিম্নোক্ত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা পরীক্ষার ফি গ্রহণ ও প্রবেশপত্র বিতরণ করা হবে।

| শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া অন লাইনে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকাসহ/প্রিন্ট আউট কপি ও ''ব্যাংকড্রাফট'' অত্রবোর্ডে জমা/ গ্রহনের শেষ তারিখ | নির্ধারিত তারিখের পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ''ব্যাংক ড্রাফট'' ০৩/০৯/২০১৮ খ্রিঃ | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহনের তারিখ | প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১২/০৮/১৮ খ্রিঃ হতে ২৭/০৮/১৮ খ্রিঃ পর্যন্ত | ২৮/০৮/১৮খ্রিঃ | ৩০/০৮/১৮ খ্রিঃ | পর্যন্ত গ্রহণ করা হবে। | ১০/০৯/১৮খ্রিঃ | ১২/০৯/১৮খ্রিঃ |

**উপরোক্ত ছকের বর্ণিত তারিখে ফরম ফিলাপ করার পর ঐ দিনই প্রিন্ট আউট কপি বেড় করতে হবে।**

| পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত ''ছক'' অনুযায়ী হবে।<br>তারিখঃ..........................<br>বিষয় কোডঃ ......................<br>কেন্দ্র কোডঃ.......................<br>প্রেরক<br>কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>কেন্দ্রের নামঃ<br>উপজেলা ঃ | প্রাপকঃ<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্স)<br>৬ষ্ঠ তলা- কৃষি শাখা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগারগাঁও,<br>শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। |
|---|---|

৩.০ নিম্ম বর্ণিত ছক মোতাবেক সকল পরীক্ষার্থীর বিশদ বিবরণ প্রেরণ অত্যাবশ্যকঃ-

| ক্রঃ নং | পরীক্ষার্থীর নাম ও বোর্ড রোল নম্বর | রেজিঃ নং ও সন | পরীক্ষার ফি | ২য় পর্বের অকৃতকার্য বিষয়সমূহ | বিলম্ব ফি | মোট টাকা | ব্যাংক ড্রাফট নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

৪.১ পরিপূরক পরীক্ষার ফি-বাবদ আদায়কৃত প্রতিষ্ঠানের প্রাপ্য অংশ হতে পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় মিটাতে হবে।

**বিশেষ নির্দেশাবলীঃ-**

(ক) পরীক্ষার্থীদের নিকট থেকে **কেন্দ্র ফি বাবদ ২০০/- টাকা আদায় করতে হবে** যা পরীক্ষার জন্য নির্ধারিত কেন্দ্রে প্রদান করতে হবে।

(খ) বোর্ডে হার্ডকপি ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয় শাখায়) ৮ম তলায় প্রশ্নপত্রের বিষয়ভিত্তিক চাহিদা অবশ্যই ৩০/০৮/২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে।

(গ) পরীক্ষার পর অব্যবহৃত উত্তর পত্রের হিসাব পরীক্ষা শাখায় জানাতে হবে এবং পরবর্তী পরীক্ষার জন্য পূর্বের উত্তর পত্র সমন্বয় করে চাহিদা দিতে হবে।

(ঘ) অন লাইনে ফরম ফিলাপ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীদের নামের বিপরীতে বিষয়ের কোড নম্বর অবশ্যই পরিস্কার ভাবে উল্লেখ করতে হবে।

(ঙ) ২য় পর্বের পরীক্ষা সমাপ্তির ১৫ দিনের মধ্যে বোর্ড কর্তৃক প্রদত্ত অনলাইনে ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত GPA প্রেরন করতে হবে এবং হার্ড কপি বোর্ডে প্রেরন করে তা নিশ্চত করতে হবে।

(চ) **পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।**

স্বাঃ/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

**স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.১৯.০০১.১৮-৩৯(১১৪)** **তারিখঃ ০৮-০৮-২০১৮খ্রিঃ**

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরক করা হলঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ভিাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
২। মহা পরিচালক, বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ভবন (১০ তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা।
৩-৬। সচিব/ পরিচালক (কারিকুলাম)/পরিচালক(সিবিটি এন্ড এ)/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অধ্যক্ষ, শহীদ আব্দুর রব সেরনিয়াবাত ইঞ্জিনিয়ারিং কলেজ, সিএন্ডবি রোড, বরিশাল, এন্ড বি রোড, বরিশাল।
৮-৯। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, পুলহাট, দিনাজপুর/বাজিতপুর, টাংগাইল।
১০-১০০। অধ্যক্ষ, .......................................................................................................।
১০১-১০৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০৪-১০৫। উপ-সচিব(প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০৬। উপ-পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচার পূর্বক পরবর্তীতে ০৯/০৯/১৮ তারিখে প্রবেশপত্র প্রিন্ট করে কৃষি শাখায় প্রেরনের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো )
১০৮-১১০। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১১। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১২। সংশ্লিষ্ট অফিসার (উত্তরপত্র বিতরণ শাখা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১৪। নথি।

(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২ ৪৮১১০৯৪৯ (অফিস)